**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, এস.ডি.জি সূচক অনুযায়ী ত্রিপুরার ৩টি জেলা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে।**

**(২) বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, আগামী অক্টোবর মাস থেকে আগরতলা শহরের ভূ-গর্ভে বৈদ্যুতিক তার বসানোর কাজ শুরু হবে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ব্রাজিলে তাঁর রিও ডি জেনেইরো সফর খুবই ফলপ্রসূ হয়েছে।**

**(৪) তিন দিন ব্যাপী ৫৪তম রাজ্যভিত্তিক এথলেটিক্সের আসরে ১১৯ পয়েন্ট নিয়ে পশ্চিম জেলা অভার অল চ্যাম্পিয়ন হয়েছে।**

**(৫) বিলোনিয়ায় মুহুরী নদীর জল বিপদসীমার উপর দিয়ে বইছে ।**

****************************************

**NITI AAYOG :**

নীতি আয়োগের পক্ষ থেকে দ্বিতীয় পর্যায়ে ২০২৩-২৪-এর জন্য উত্তর পূর্বের রাজ্যগুলিতে জেলাগত সুস্থায়ী বিকাশ লক্ষ্যমাত্রা সূচক সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ করেছে। প্রতিবেদন অনুসারে জেলাগুলিতে ৮৫ শতাংশ সমন্বিত বৃদ্ধির হার স্পষ্ট হয়ে উঠেছে। এক্ষেত্রে মিজোরামের সব জেলার পাশাপাশি সিকিম এবং ত্রিপুরার জেলাগুলিও সামনের সারিতে রয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সামাজিক মাধ্যমে জানিয়েছেন, এস.ডি.জি সূচক ২০২৩-২৪-এ ত্রিপুরার ৩টি জেলা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। সূচক অনুসারে তৃতীয় স্থানে গোমতী, পঞ্চম স্থানে পশ্চিম ও সপ্তম স্থানে রয়েছে দক্ষিণ জেলা। তাছাড়া, রাজ্যের সবকটি জেলা “ফ্রন্ট

রানার” শ্রেণিতে স্থান পাওয়ায় ত্রিপুরা ২০৩০ সালের মধ্যে সুস্থায়ী উন্নয়নের লক্ষ্যমাত্রাগুলি পূরণ করতে সক্ষম হবে বিশ্লেষকরা আশাবাদী বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

****************************

**Ratan Lal Nath :**

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, আগামী অক্টোবর মাস থেকে আগরতলা শহরের ভূ-গর্ভে বৈদ্যুতিক তার বসানোর কাজ শুরু হবে। আগরতলা পুর এলাকার কাজ সম্পন্ন হওয়ার পর পরবর্তী পর্যায়ে খুমুলুং, উদয়পুর ও ধর্মনগর এলাকাতেও ধাপে ধাপে ভূ-গর্ভে বৈদ্যুতিক তার বসানোর কাজ শুরু হবে। তিনি জানান, রাজ্যে বিদ্যুৎ বিল প্রদানে আরও স্বচ্ছতা আনতে স্মার্ট মিটারে বসানোর কাজ শুরু হয়েছে। আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার বাড়িতে স্মার্ট মিটার বসানো হয়েছে। আগামী এক সপ্তাহের মধ্যে মন্ত্রিপরিষদ সদস্যদের অফিস ও বাসভবন সহ রাজ্যের ২,৭০০ জন বিদ্যুৎ নিগম কর্মচারীর বাড়িতে স্মার্ট মিটার বসানো হবে। তিনি জানান, এই মিটারগুলি অত্যাধুনিক প্রযুক্তিতে নির্মিত এবং গ্রাহক-বান্ধব এবং অতিরিক্ত বিলের সম্ভাবনা নেই, বরং গ্রাহকরা নিজেরা তাদের বিদ্যুৎ ব্যবহারে সচেতন হবেন। বিদ্যুৎ বিভ্রাট ঘটলে তাৎক্ষণিকভাবে বিদ্যুৎ দপ্তরে সতর্কবার্তা পৌঁছবে, দ্রুত ব্যবস্থা নেওয়া যাবে। স্মার্ট মিটার থাকলে সৌরবিদ্যুৎ ব্যবহারের জন্য আলাদা নেট মিটার বসানোর প্রয়োজন নেই বলে বিদ্যুৎমন্ত্রী জানান।

******************************

**DG-Khowai :**

রাজ্য পুলিশের মহা নির্দেশক অনুরাগ আজ খোয়াই জেলা পুলিশ সুপার কার্যালয়ে জেলার সাতটি থানা, একটি ফাঁড়ি ও দুটি টি.এস.আর ক্যাম্পের আধিকারিকদের নিয়ে পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে শেষে মহানির্দেশক সাংবাদিকদের জানান, রাজ্যের বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। নেশা পাচার ও সড়ক দুর্ঘটনা হ্রাস পেয়েছে। চলতি বছরে

অপরাধের সংখ্যা ৮ থেকে ১০ শতাংশ। যান দুর্ঘটনা হ্রাস পেয়েছে প্রায় ৩০ শতাংশ।

########Byte-DG-Anurag#######

*******************************

**Mock Drill :**

পশ্চিম জেলার জেলাশাসক ডা: বিশাল কুমার আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান। আগামীকাল আগরতলায় রাজ্যভিত্তিক প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার মহড়া অনুষ্ঠিত হবে। পশ্চিম ত্রিপুরা জেলায় মোট ১২টি জায়গায় মহড়া অনুষ্ঠিত হবে। এর মধ্যে ৬টি বন্যা মোকাবিলা ও ৬টি ভূমিধ্বসের সময় উদ্ধারকার্যের বিষয়ে মহড়া অনুষ্ঠিত হবে। আগরতলার উমাকান্ত একাডেমিতে সকাল ৭টা ৩০ মিনিটে মহড়া শুরু হবে। উমাকান্ত একাডেমী থেকে দমকল সহ বিভিন্ন বাহিনী চলে যাবে আনন্দনগর, বিদ্যাসাগর লেক, কলেজ লেক ও আইজিএম হাসপাতালে। সেখানেও অনুষ্ঠিত হবে মহড়া।

########DM########

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ব্রাজিলে তাঁর রিও ডি জেনেইরো সফর খুবই ফলপ্রসূ হয়েছে। সামাজিক মাধ্যমে তিনি বলেন যে ব্রিকস শীর্ষ সম্মেলনে বিস্তারিত আলোচনা হয়েছে। তিনি ব্রাজিলের রাষ্ট্রপতি এবং ব্রাজিল সরকারকে তাদের ব্রিকস সভাপতিত্বের মাধ্যমে এই প্ল্যাটফর্মটিকে আরও কার্যকর করার জন্য প্রশংসা করেন। পাঁচ দেশ সফরের শেষ পর্যায়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নামিবিয়ার উইন্ডহোকে পৌঁছাবেন। এটি হবে প্রধানমন্ত্রী মোদীর নামিবিয়ার প্রথম সফর এবং ২৭ বছর পর ভারতের তৃতীয় প্রধানমন্ত্রী পর্যায়ের নামিবিয়া সফর। সফরকালে, প্রধানমন্ত্রী নামিবিয়ার রাষ্ট্রপতি নেতুম্বো নন্দী-নদাইতওয়ার সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন। শ্রী মোদীর নামিবিয়ার সংসদে ভাষণ দেওয়ারও কথা রয়েছে।

****************************

**ELI SCHEME :**

কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন প্রাপ্ত কর্মসংস্থান কেন্দ্রিক পারিতোষিক প্রকল্প বা এমপ্লয়মেন্ট লিংকড ইনসেনটিভ, সংক্ষেপে ই এল আই স্কিম বাবদ দু'বছরে ৯৯,৪৪৬ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে। এই টাকায় নির্ধারিত মেয়াদে সাড়ে ৩ কোটিরও বেশি মানুষের কাজের সুযোগ তৈরি হবে বলে আশা করা হচ্ছে। এর মধ্যে ১ কোটি ৯২ লক্ষই নতুন কর্মী। একটি প্রতিবেদন।

##########VC###########

******************************

**Kharchi-6th day :**

পুরান আগরতলার ঐতিহ্যবাহী খার্চি পূজার আজ ষষ্ঠ দিন। আগামীকাল সাত দিন ব্যাপী খার্চি পূজা, মেলা ও উৎসবের সমাপ্তি দিন। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

*******************************

**Strike 9th July :**

চারটি শ্রম কোড বাতিল করা, পুরনো পেনশন স্কিম পুনর্বহাল করা, বিদ্যুৎ সংশোধনী বিল বাতিল করা সহ ১৭ দফা দাবির ভিত্তিতে আগামীকাল দেশব্যাপী সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে কেন্দ্রীয় ১০টি ট্রেড ইউনিয়ন। এই সাধারণ ধর্মঘটকে সফল করার আহবান জানিয়েছেন সিপিএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। এদিকে, রাজ্য সরকারের সাধারণ প্রশাসন বিভাগ থেকে এক নির্দেশনামায় জানানো হয়েছে যে, ধর্মঘটের দিন রাজ্য সরকারের অধীনে থাকা সমস্ত অফিস, সরকার অধিগৃহীত সংস্থা স্বাভাবিকভাবে কাজ করবে। ঐদিন সমস্ত সরকারি কর্মচারি ও সরকার অধিগৃহীত সংস্থার কর্মচারিরা যথারীতি তাদের দায়িত্ব পালন করবেন। আগামীকাল বিভিন্ন অফিসে কর্মচারিদের উপস্থিতির বিষয়ে একটি রিপোর্ট দুপুর ১২টার মধ্যে সাধারণ প্রশাসন বিভাগে পাঠানোর জন্য সমস্ত দপ্তর প্রধানকে বলা হয়েছে।

**************************

**CPI(M) State Committee :**

সিপিআই(এম) রাজ্য কমিটির পক্ষ থেকে আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার কাছে লেখা একটি চিঠিতে অভিযোগ করা হয় রাজ্যে বর্তমানে আইনের শাসন নেই। সিপিআই (এম) রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, সিপিএম নেতা মানিক দে, নরেশ জমাতিয়া ও কৃষ্ণা রক্ষিত সাক্ষরিত এই চিঠিতে আরো অভিযোগ করা হয়, রাজ্যের নানা স্থানে বিরোধীদের কর্মসূচি বাধাপ্রাপ্ত হচ্ছে। বিরোধী দলের নেতা কর্মী সমর্থকদের

উপর হামলা হচ্ছে। অবিলম্বে এই সমস্ত ঘটনা বন্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য তারা মুখ্যমন্ত্রী কাছে দাবি জানান।

*******************************

**Athletics :**

তিন দিন ব্যাপী ৫৪তম রাজ্যভিত্তিক এথলেটিক্সের আসরে ১১৯ পয়েন্ট নিয়ে পশ্চিম জেলা অভার অল চ্যাম্পিয়ন হয়েছে। ত্রিপুরা স্পোর্টস স্কুল রার্নাস এবং গোমতী জেলা তৃতীয় স্থান পায়।

*****************************

**Flood Situation–South :**

গতকাল রাত থেকে টানা বৃষ্টিতে দক্ষিণ জেলায় বন্যা পরিস্হিতি তৈরি হয়েছে। মুহুরীপুরে ভূমিধসের কারনে বন্ধ হয়ে পড়েছে জোলাইবাড়ি - বিলোনিয়া ১০৮ (বি) জাতীয় মহাসড়ক।

বিলোনিয়ায় মুহুরী নদীর জল বিপদসীমার উপর দিয়ে বইছে। শহর লাগোয়া বল্লামুখা এলাকা দিয়ে ঢুকছে মুহুরী নদীর জল। টানা বৃষ্টির কারনে বিলোনিয়া শহরের আর্য কলোনি, কলেজ স্কোয়ার, নতুন টাউন হল, ভি-মার্ট, বিদ্যাপীঠ কর্নার, কালীনগর ও জগন্নাথ বাড়ী সড়ক ও বাড়িঘরে প্রচুর জল জমেছে। বিলোনিয়ার মহকুমা শাসক দেবাশীষ দাস জানান,শহরের বিভিন্ন জায়গায় দমকল দিয়ে জল সরানোর কাজ শুরু করেছে প্রশাসন। শহর এলাকায় খোলা হয়েছে ৪টি শেল্টার হাউস। শান্তিরবাজারের মহকুমা শাসক মনোজ কুমার সাহা জানান, মহকুমার নিম্নাঞ্চলগুলিতে জল জমলেও পরিস্থিতি এখনো নিয়ন্ত্রণে। মহকুমায় একটি শেল্টার হাউস খোলা হচ্ছে। দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি আকাশবানীর দক্ষিণ জেলার প্রতিনিধি বিপ্লব বৈদ্যকে জানিয়েছেন, জেলায় ৭৫টির বেশি শেল্টার হাউস খোলার জন্য প্রস্তুতি রেখেছে প্রশাসন। যে কোন প্রয়োজনে জেলার জরুরী পরিষেবা কেন্দ্রের ৬৯০৯৩৫৮৮১৯ বা ১০৭৭ টোল ফ্রি নাম্বারে যোগাযোগ করার পরামর্শ দিয়েছেন জেলা শাসক।

########Byte- Muhammad Sajjad P#######

*************************************

**Weather :**

নিম্নচাপের প্রভাবে গোমতী, সিপাহীজলা ও দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টি চলছে। এদিকে, আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা ও দক্ষিণ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। তাছাড়া রাজ্যের বাকি জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। পশ্চিম জেলায় আজ বিকেল ৫.৩০ পর্যন্ত বৃষ্টি হয়েছে ২০.৬ মিলিমিটার, গোমতিতে বৃষ্টি হয়েছে ১০০ মিলিমিটার, দক্ষিণ জেলায় বৃষ্টি হয়েছে ২০৮ মিলিমিটার, সিপাহীজলায় বৃষ্টি হয়েছে ২২.৫ মিলিমিটার ও ঊনকোটিতে বৃষ্টি হয়েছে ১৮ মিলিমিটার।

**************************